

যুগান্তর

তারিখ... 19 1-MAR-2015
সংখ্যা... ২... কাম... ০২

আজকের পরীক্ষা স্থগিত

৩ ও ৪ মার্চের পরীক্ষা যথাক্রমে ২০ ও ২১ মার্চ

যুগান্তর রিপোর্ট

বিএনপির নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের হরতালের কারণে আজকের দাখিল পরীক্ষা স্থগিত করা হয়েছে। তবে নতুন তারিখ ঘোষণা করা হয়নি। আজ দাখিলে উচ্চতর গণিতের পরীক্ষা ছিল।

এদিকে এসএসসি ও দাখিলের স্থগিত করা চারদিনের পরীক্ষার মধ্যে দু'দিনের তারিখ মঙ্গলবার ঘোষণা করা হয়েছে। এ দুটির মধ্যে গত ৩ মার্চের স্থগিত করা পরীক্ষা আগামী ২০ মার্চ শুক্রবার সকাল ৯টায় এবং ৪ মার্চের স্থগিত করা পরীক্ষা আগামী ২১ মার্চ শনিবার সকাল ১০টায় নেয়া হবে। গত ৮ এবং ১০ মার্চের পরীক্ষার তারিখও ঘোষণা করা হয়নি।

গত ৩ মার্চ এসএসসিতে জীববিজ্ঞান (তত্ত্বীয়), অর্থনীতি: দাখিলে ইসলামের ইতিহাস, জীববিজ্ঞান (তত্ত্বীয়) ও দাখিল কারিগরিতে আরবি-২ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। আর ৪ মার্চ হওয়ার কথা ছিল এসএসসিতে কৃষি শিক্ষা (তত্ত্বীয়), গার্হস্থ্য অর্থনীতি (তত্ত্বীয়), সঙ্গীত (তত্ত্বীয়), গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়), ইংরেজি ভাষা ও সাহিত্য, বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ের পরীক্ষা। দাখিলে ছিল পৌরনীতি, মানতিক, কৃষিশিক্ষা (তত্ত্বীয়), গার্হস্থ্য অর্থনীতি (তত্ত্বীয়), উর্দু, ফার্সি, কম্পিউটার শিক্ষা (তত্ত্বীয়) বিষয়ের পরীক্ষা ছিল। আর এসএসসি ও দাখিল ভোকেশনালে এদিন কোনো পরীক্ষা ছিল না। হরতালের কারণে এছাড়া আরও ৪ দিনের পরীক্ষা স্থগিত করা হয়েছিল। এর মধ্যে গত ১২ ফেব্রুয়ারির স্থগিত করা পরীক্ষা আগামী ১৩ মার্চ এবং গত ১ মার্চের পরীক্ষা আগামী ১৪ মার্চ নেয়ার ঘোষণা দেয়া হয়েছে। ১৩ মার্চ এসএসসিতে ইসলাম ও নৈতিক শিক্ষা/ইসলাম শিক্ষা, ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দুধর্ম শিক্ষা, ইসলাম ও নৈতিক শিক্ষা/বৌদ্ধধর্ম শিক্ষা, ইসলাম ও নৈতিক শিক্ষা/খ্রিস্টধর্ম শিক্ষা বিষয়ের পরীক্ষা নেয়া হবে। এ ছাড়া দাখিলে ফিকহ ও উসুলুল ফিকহ এসএসসি ভোকেশনালে পদার্থবিজ্ঞান-২ (১৯২৫, সৃজনশীল) ও পদার্থবিজ্ঞান-২ (৮১২৫, সৃজনশীল/সাধারণ) এবং দাখিল ভোকেশনালে পদার্থবিজ্ঞান-২ (১৭২৫, সৃজনশীল) ও পদার্থবিজ্ঞান-২ (৮৫২৫) বিষয়ের পরীক্ষা ১৩ মার্চ অনুষ্ঠিত হবে।

আর ১৪ মার্চ নেয়া হবে এসএসসিতে বাংলাদেশ ও বিশ্বপরিচয়, সামাজিক বিজ্ঞান, দাখিলে সামাজিক বিজ্ঞান, তাজবিদ নসর ও নজম (সুজাখিদ গ্রুপ), তাজবিদ (হিফজুল কুরআন গ্রুপ) এবং এসএসসি ভোকেশনালে উচ্চতর গণিত-২, হিসাববিজ্ঞান-২, ডুগোল ও পরিবেশ-২, কৃষি শিক্ষা-২ বিষয়ের পরীক্ষা।